



সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আবেদন করা

“সামর্থ্যের মধ্যে” আবাসন বলতে কী বোঝায়? যখন পরিবারগুলি বাড়ি ভাড়া হিসাবে তাদের আয়ের এক তৃতীয়াংশের বেশি খরচ করে না তখন আবাসনের ভাড়াকে সামর্থ্যের মধ্যে বলে বিবেচনা করা হয়। যদি একটি পরিবারকে ভাড়ার জন্য তাদের মোট আয়ের তিন ভাগের এক ভাগের বেশি খরচ করতে হয়, তাহলে তাদেরকে ‘ভাড়া ভারগ্রস্ত’ হিসাবে বিবেচনা করা হয়।

যেখানে যেতে হবে:

nyc.gov/housingconnect-এ সামর্থ্যের মধ্যে আবাসন খোঁজা শুরু করুন

এই নির্দেশিকাতে কী আছে:



1. NYC হাউজিং কানেক্ট সম্পর্কে



2. শুরু করা



3. আবাসনের জন্য আবেদন করা



4. আপনি আবেদন করার পরে



5. আরও জানতে চান?



1. NYC হাউসিং কানেক্ট সম্পর্কে

আপনি কি এমন আবাসন খুঁজছেন যা আপনার সামর্থের মধ্যে পড়ে? NYC হাউসিং কানেক্ট দেখুন; নিউ ইয়র্ক সিটি জুড়ে সামর্থের মধ্যে ভাড়া ও বাড়ির মালিকানার সুযোগ খুঁজে পাওয়া ও আবেদন করার জন্য এটি আপনার অনলাইন পোর্টাল। nyc.gov/housingconnect-এ পোর্টালটি ঘুরে দেখুন।

হাউসিং কানেক্ট-এর বাড়িগুলি আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (Housing Preservation and Development, HPD) এবং আবাসন উন্নয়ন নিগম (Housing Development Corporation, HDC) দ্বারা অর্থায়ন করা হয়, এবং এগুলি বহুবিধ আয়ের স্তর ও আয়তনের পরিবারের জন্য পাওয়া যায়। ভাড়াগুলি নিয়ন্ত্রিত, তাই সময়ের সাথে ভাড়া খুব বেশি বাড়ে না।

একটি ইউনিটের জন্য যোগ্যতা অর্জন করতে, আপনার পরিবারকে সেখানে বসবাসকারী সমস্ত ব্যক্তি সহ – আয় ও আয়তনের প্রয়োজনীয়তা অবশ্যই পূরণ করতে হবে। যদি আবাসনের মূল্যের খরচ পরিবারের আয়ের প্রায় এক তৃতীয়াংশ বা তার চেয়ে কম খরচ হয় তাহলে সেটিকে সামর্থের মধ্যে হিসাবে বিবেচনা করা হয়। সাম্য ও ন্যায্যতা সুনিশ্চিত করতে, অক্রমিকভাবে লটারি সিস্টেমের মাধ্যমে যোগ্য আবেদনকারীকে বাছাই করা হবে।



2. শুরু করা

হাউসিং কানেক্টে একটি অ্যাকাউন্ট তৈরির মাধ্যমে শুরু করুন। একবার রেজিস্টার করা হয়ে গেলে, আপনি আয়, সম্পত্তি ও প্রতিবন্ধকতার অবস্থা সহ, আপনার পরিবারের প্রত্যেকের সম্পর্কে তথ্য প্রদান করবেন। যোগ্যতা অর্জনের জন্য আপনার পরিবারের আয় একটি নির্দিষ্ট পরিসরে থাকা প্রয়োজন, অথবা আপনি নির্দেশ করতে পারেন যে ভাড়ার খরচ বহনের জন্য আপনার একটি ভাউচার আছে। যেহেতু এই তথ্যটি আপনার যোগ্যতা নির্ধারণ করে, তাই এটি আপ টু ডেট রাখার কথা মনে রাখবেন।

পুনরায় ভাড়া দেওয়া

পরিবারের তথ্য প্রদান করার পর, আপনি আপনার প্রোফাইলের “আবাসনের পছন্দ” বিভাগে পুনরায় ভাড়া বা পুনরায় বিক্রয়ের জন্য বিবেচিত হওয়া বেছে নিতে পারেন। এগুলি বিদ্যমান সশ্রয়ী মূল্যের ইউনিট যা কেউ অন্য কোথাও চলে গেলে পাওয়া যায়। আপনি অন্যান্য লটারির মতো পুনরায় ভাড়া নেওয়ার সুযোগগুলি অনুসন্ধান করতে পারবেন না, তবে আপনি যদি “হ্যাঁ” ক্লিক করেন তাহলে পুনরায় ভাড়া বা পুনরায় বিক্রয়ের সুযোগগুলি উপলভ্য হওয়ার সাথে সাথে আপনি সেগুলির জন্য অক্রমিকভাবে নির্বাচিত হতে পারেন। তাই সাধারণভাবেই হ্যাঁ বলাটাই বুদ্ধিমানের কাজ!



3. আবাসনের জন্য আবেদন করা

এখন আপনি আবেদন করার জন্য প্রস্তুত! ওপেন লটারি পৃষ্ঠায় যান।

আপনার খোঁজার ফলাফলের পরিসরকে আরও সংক্ষিপ্ত করতে আপনি ওপেন লটারি পৃষ্ঠায় ফিল্টার করতে পারেন। উপলব্ধ বাড়ির সংখ্যা, বাসিন্দার সংখ্যার সীমা, যোগ্যতা অর্জনের আয়ের সীমা এবং আবেদনের চূড়ান্ত সময়সীমা প্রতিটি লিস্টিং এ দেখানো থাকে।

অনলাইনে আবেদন করা সহজ – শুধু “এখনই আবেদন করুন!” বোতামে ক্লিক করুন। কিন্তু তা করার আগে নিশ্চিত করুন যে আপনার পরিবারের তথ্যগুলি সম্পূর্ণ এবং আপ টু ডেট করা আছে। আপনি যদি হাউজিং কানেক্ট ওয়েবসাইট ব্যবহার করতে না পারেন, তাহলে একটি কাগজের আবেদনপত্র ডাকযোগে আপনার কাছে পাঠানোর অনুরোধ করতে বিজ্ঞাপনের নির্দেশগুলি অনুসরণ করুন। আপনি কাগজ বা অনলাইনে যেখানেই আবেদন করুন, আপনার সম্ভাবনা একই থাকে। আপনি কাগজ এবং অনলাইন উভয় আবেদনই পাঠাবেন না কারণ এটি আপনাকে অযোগ্য সাব্যস্ত করবে। আবেদনের সময়কাল কয়েক সপ্তাহ থেকে কয়েক মাস পর্যন্ত স্থায়ী হতে পারে, তাই অবশ্যই চূড়ান্ত সময়সীমার আগে আবেদন করুন।

চূড়ান্ত সময়সীমার পরে, কাগজ ও অনলাইনে করা সমস্ত আবেদনই একটি কম্পিউটার সিস্টেমে যায়, যা প্রতিটি আবেদনকে একটি অক্রমিক নম্বর দেয়। এটি হল আপনার লগ নম্বর। লটারিতে অনেকগুলি আবেদন গ্রহণ করা হয় এবং আপনার আবেদনটি প্রক্রিয়া করতে চূড়ান্ত সময়সীমার পরে কিছু সময় লাগতে পারে। যদি আপনার লগ নম্বর কম হয় অথবা আপনি এক বা একাধিক পছন্দ পূরণ করে থাকেন, তাহলে আপনি তাড়াতাড়ি জবাব পেতে পারেন। যদি আপনার লগ নম্বর বেশী হয়, তাহলে আপনার জবাব পাওয়ার সম্ভাবনা কম।



4. আপনি আবেদন করার পরে

আবেদন করার পরে, আপনার জমা দেওয়া সমস্ত আবেদনের স্থিতি দেখতে আপনার হাউজিং কানেক্ট ড্যাশবোর্ড দেখতে থাকুন।

যদি আপনার আবেদনটি নির্বাচিত হয়, তাহলে আপনাকে ব্যক্তিগত আইডি ও পে-স্টাবের মতো নথিগুলি আপলোড ও শেয়ার করতে বলা হবে, যেগুলি আপনার যোগ্যতা নিশ্চিত করতে ব্যবহার করা হবে। আপনাকে একটি ক্রেডিট চেক সম্পূর্ণ করতে বা ভাড়ার ইতিহাসের প্রমাণ দিতেও বলা হবে। যদি সবকিছু ঠিক থাকে এবং সেখানে একটি ইউনিট উপলভ্য থাকে, তাহলে আপনার আবেদন অনুমোদিত হবে!

আপনার নথিপত্রে সমস্যা থাকলে, আপনি কেন যোগ্য নন তা ব্যাখ্যা করে একটি প্রত্য্যখন বিজ্ঞপ্তি পেতে পারেন। বিজ্ঞপ্তিটিতে এটাও ব্যাখ্যা করা হবে যে আপনি সিদ্ধান্তটিকে ভুল মনে করলে কীভাবে আপিল করতে পারবেন।

যদি আপনি নির্বাচিত না হন বা জবাব না পান তাহলে হতাশ হবেন না। হাউজিং কানেক্টে সবসময় নতুন সুযোগসুবিধা প্রদর্শিত হতে থাকে, তাই সন্ধান ও আবেদন করা চালিয়ে যান!



5. আরও জানুন

আপনি nyc.gov/housingconnect-এ আমাদের সম্পর্কে এবং শেখার পেজগুলিতে আরও বেশি দরকারী তথ্য ও সংস্থান পাবেন – সেগুলি অবশ্যই খুঁটিয়ে দেখুন!